তারিখ ... 15 JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৮

দৈনিক বাংলা

12

# জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আমরা ১৯৯৪–৯৫ ইং শিক্ষবর্ষে বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজে ভর্তির জন্য ভর্তি পরীক্ষা দিয়াছিলাম। কিন্তু ভর্তিপ্রার্থী অপেক্ষা আসনসংখ্যা খুবই নগণ্য হওয়ায় আমরা প্রায় ২০/২৫ হাজার ছাত্রছাত্রী এখন পর্যন্ত কোথাও ভর্তি হতে পারিনি। উচ্চশিক্ষার আকাঙ্ক্ষা থাকা সত্ত্বেও আমরা উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হতে যাচ্ছি। জাতীয় বাজেটে শিক্ষাখাতে বেশী ব্যয় বরাদ্দ থাকা সত্ত্বেও উচ্চশিক্ষায় আগ্রহী প্রার্থীরা যদি এভাবে উচ্চশিক্ষার সুযোগ লাভে বঞ্চিত হয় তা হলে জাতির জন্য তার ফল শুভ হতে পারে না। তাছাড়া পরবর্তী বছরে এতে সেশনজট আরও বৃদ্ধি পাবে। তাই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের আকুল আবেদন, ১৯৯৪–৯৫ ইং শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্সে ভর্তির কোটা আরো বৃদ্ধি করে পুনরায় ভর্তি বিজ্ঞপ্তি দেওয়া হোক যাতে উচ্চশিক্ষায় (অনার্স) আগ্রহী ছাত্রছাত্রীরা আরো অধিক সংখ্যায় ভর্তি ও উচ্চশিক্ষা লাভের সুযোগ পেতে পারে।

মোঃ হারুন অর রশিদ
ধানমন্ডি, ঢাকা